

🗏 আল-হিজর | Al-Hijr | ٱلْجِجْر

আয়াতঃ ১৫: ৮৬

💵 আরবি মূল আয়াত:

إِنَّ رَبَّكَ هُوَ الْخَلِّقُ الْعَلِيمُ ﴿٨٤﴾

🗚 আনুবাদসমূহ:

নিশ্চয় তোমার রবই সৃষ্টিকর্তা, মহাজ্ঞানী। — আল-বায়ান

নিশ্চয় তোমার প্রতিপালক তিনি সর্বস্রস্থা, সর্বজ্ঞ । — তাইসিরুল

নিশ্চয়ই তোমার রাব্বই মহান স্রস্তা, মহাজ্ঞানী। — মুজিবুর রহমান

Indeed, your Lord - He is the Knowing Creator. — Sahih International

৮৬. নিশ্চয় আপনার রব, তিনিই মহাস্রষ্টা, মহাজ্ঞানী।(১)

(১) আল্লাহ তা'আলা যে আখেরাতের পূনর্বার সৃষ্টি করার ক্ষমতা রাখেন তাই প্রমাণ করছে। কারণ তিনি যদি মহান স্রম্ভাই হয়ে থাকেন তবে তার জন্য পূনর্বার সৃষ্টি করা কোন ব্যাপারই নয়। তদুপরি তিনি সর্বজ্ঞানী। তিনি জানেন যমীন তাদের কোন অংশ নষ্ট করেছে এবং তা কোথায় আছে। সুতরাং যিনি মহাস্রষ্টা ও মহাজ্ঞানী তিনি অবশ্যই পূনরায় সবাইকে সৃষ্টি করতে পারবেন। অন্য আয়াতে আমরা এ কথারই প্রতিধ্বনি পাচ্ছি। যেখানে বলা হয়েছেঃ "যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন তিনি কি তাদের অনুরূপ সৃষ্টি করতে সমর্থ নন? হাাঁ, নিশ্চয়ই তিনি মহাস্রম্ভা, সর্বজ্ঞ। তার ব্যাপার শুধু এই, তিনি যখন কোন কিছুর ইচ্ছে করেন, তিনি বলেন, 'হও, ফলে তা হয়ে যায়"। [সূরা ইয়াসীনঃ ৮১–৮২]

তাফসীরে জাকারিয়া

(৮৬) নিশ্চয় তোমার প্রতিপালকই মহাস্রষ্টা, মহাজ্ঞানী।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1888

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন